দৈনিক খবর

তারিখ 30 OCT 1989
পৃষ্ঠা 2 কলাম 2

# সিলেটে স্নাতক পরীক্ষার্থীদের মিছিল

সিলেট, ২৯শে অক্টোবর (জেলা প্রতিনিধি)।– আজ সিলেট মদনমোহন কলেজের স্নাতক পরীক্ষার্থীরা প্রতিবাদ মিছিল বের করে জেলা প্রশাসকের নিকট পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে একটি স্মারক লিপি পেশ করে। স্মারকলিপিতে বলা হয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষক এক আকস্মিক ও অপ্রত্যাশিত চিঠির মাধ্যমে মদনমোহন কলেজ অধ্যক্ষকে জানিয়েছেন মদনমোহন কলেজ পরীক্ষা কেন্দ্রটি এমসি কলেজে স্থানান্তরের নির্দেশ দেয়া হয়। এতে করে ১২শ' পরীক্ষার্থী এক অনিশ্চয়তার মধ্য-পড়েছে। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে সম্পূর্ণ অযৌক্তিকভাবে এ সিদ্ধান্ত নেয়ায় শিক্ষক, পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বেশ ক্ষোভ পরিলক্ষিত হচ্ছে। স্মারকলিপিতে ৪৮ ঘন্টার মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের প্রেরিত কেন্দ্র স্থানান্তর সংক্রান্ত সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানানো হয়।

041